সংবাদ

তারিখ 31 DEC 2016
পৃষ্ঠা ৪ কলাম ১

# ৫৭৯ মুক্তিযোদ্ধা শিক্ষককে অবসর সুবিধার চেক প্রদান



৫৭৯ মুক্তিযোদ্ধা শিক্ষককে অবসর সুবিধার চেক প্রদান —সংবাদ

নিজস্ব বার্তা পরিবেশক

৫৭৯ জন বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর মাঝে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ড কর্তৃপক্ষ কল্যাণ ও অবসর সুবিধার ২৪ কোটি টাকার চেক প্রদান করা হয়েছে। গতকাল ঢাকা সরকারি টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে এক অনুষ্ঠানে চেক হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব এবং অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু ও অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব অধ্যক্ষ শরীফ আহমদ সাদী।

দেশের সব ষড়যন্ত্রের বিরুদ্ধে মুক্তিযোদ্ধা এবং শিক্ষকদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান শিক্ষাবান্ধব সরকার শিক্ষা উন্নয়নে ব্যাপক কাজ করে যাচ্ছে। অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের কল্যাণ ও অবসর সুবিধা দ্রুত প্রদানের জন্য সরকার ৬৫০ কোটি টাকা বরাদ্দ প্রদান করেছে।